অপু বিশ্বাস নয়, আশীর্বাদ সিনেমার নায়িকা মাহি

অবশেষে ‘আশীর্বাদ’ সিনেমার নায়িকা হিসেবে চূড়ান্ত হলেন মাহিয়া মাহি। সরকারি অনুদান পাওয়া এ ছবিতে মাহির নায়ক রোশান। এ ছবি দিয়ে প্রথমবারের মতো জুটি বাঁধছেন তারা। আগেই জানা গিয়েছিল রোশান এ ছবিতে অভিনয় করবেন। আর বুধবার (১৯ আগস্ট) দিবাগত রাতে নিশ্চিত হওয়া গেল মাহির ব্যাপারে। ছবির প্রযোজক জেনিফার ফেরদৌস এ বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন।

এর আগে আশীর্বাদ সিনেমার শুটিং এর জন্য চুক্তিপত্র স্বাক্ষরের কথা জানিয়েছিলেন অপু বিশ্বাস। সোমবার (১৭ আগস্ট) রাত ১২:০৮ মিনিটে নিজের ভেরিফাইড ফেসবুক পেইজে এই তথ্য জানান তিনি। সেখানে অপু বিশ্বাস বলেন, ‘আশীর্বাদ’ সিনেমার জন্য সবার আশীর্বাদ চাই।’ কিন্তু হঠাৎই এমন পরিবর্তন কেনো তা জানা জায়নি।

২০১৯-২০২০ অর্থবছরে সরকারি অনুদানে পূর্ণদৈর্ঘ্য ১৬টি চলচ্চিত্রকে অনুদান দেওয়া হয়েছে। এগুলোর মধ্যে অন্যতম ‘আশীর্বাদ’। এর প্রযোজক ও কাহিনিকার জেনিফার ফেরদৌস। এটি পরিচালনা করবেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারজয়ী নির্মাতা মোস্তাফিজুর রহমান মানিক।

ছবিতে মাহিকে চূড়ান্ত করা প্রসঙ্গে প্রযোজক জেনিফার বলেন, ‘সরকারি অনুদান পাওয়ার পর থেকেই আশীর্বাদ ছবির প্রধান নারী চরিত্র সুবর্ণার জন্য নায়িকা খুঁজছিলাম। অবশেষে মাহিয়া মাহিকে আমরা চুক্তিবদ্ধ করেছি। আশা করছি ইন্ডাস্ট্রির শীর্ষ নায়িকার সঙ্গে আমাদের কাজের দারুণ অভিজ্ঞতা হবে।’

মাহি জানান, মুক্তিযুদ্ধভিত্তিক এই ছবির সুবর্ণা চরিত্রটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রীর চরিত্র। মুক্তিযুদ্ধের আগের উত্তাল রাজনীতি এবং মুক্তিযুদ্ধের পটভূমি নিয়ে ছবিটি নির্মাণ করা হচ্ছে। প্রধান চরিত্রে থাকতে পেরে তিনি উচ্ছ্বসিত।

এদিকে ছবিটির পোস্ট প্রোডাকশনের কাজ চলছে। আগামী মাসের প্রথম সপ্তাহেই এর শুটিং শুরু হবে বলে জানান ‘জান্নাত’খ্যাত এ নির্মাতা।

সূত্র - ইত্তেফাক

ক্যারিয়ারের সর্বোচ্চ পারিশ্রমিক!

বলিউডে জনপ্রিয়তার শীর্ষে দীপিকা পাড়ুকোন। চারিদিকে যেখানে স্বজনপ্রীতি নিয়ে এত সমালোচনা সেখানে দীপিকা এসব সুযোগের বাইরে নিজেকে শীর্ষ তারকদের একজন হয়েছেন।

ছবির চরিত্র নির্বাচনের ব্যাপারে ভীষণ খুঁতখুঁতে তিনি। মনের মতো চরিত্র না পেলে কাজ করেন না। শর্ত পূরণ হয় না বলেই সালমান খানের মতো সুপারস্টারের ছবিও একাধিকবার ফিরিয়ে দিয়েছেন তিনি। কারণ, সালমানের ছবিতে নায়িকার সেই অর্থে করার কিছু থাকে না। তবে ‘এইটি থ্রি’তে দীপিকার সংযুক্তি কেন ‘এইটি থ্রি’ ঘিরে প্রত্যাশা ক্রমে বাড়ছে।

ভারতীর ক্রিকেট দলের ১১ জন খেলোয়াড় ও দলের ব্যবস্থাপক এ ছবির মূল চরিত্র। যে দলের অধিনায়ক ছিলেন কপিল দেব। দীপিকার বর রণবীর সিং হবেন বড় পর্দার সেই কপিল দেব। তার স্ত্রী রোমির ভূমিকায় দেখা দেবেন দীপিকা। ছবিতে দীপিকার চরিত্রটি নেহাতই ছোট, তা বলার অপেক্ষা রাখে না। এ ধরনের চরিত্রে সাধারণত অভিনয় করেন না দীপিকা।

সালমান খানকে হত্যার ষড়যন্ত্র, গ্রেফতার ৫

করোনাভাইরাস মহামারির মধ্যেই বলিউড সুপারস্টার সালমান খানকে হত্যার পরিকল্পনা করেছিল একটি সংঘবদ্ধ চক্র। পরিকল্পনা অনুযায়ী, নিয়মিত সালমানের বান্দ্রার বাড়ির ওপর ছিল নজরদারি। কখন তিনি

বাড়ির বাইরে যান, কোথায় কোথায় তিনি যেতেন, সবই নজরে রাখা হতো। তবে শেষ পর্যন্ত পুলিশের জালে ধরা পড়েছে সংঘবদ্ধ ওই চক্র। খবর আনন্দবাজারের।

প্রতিবেদনে বলা হয়েছে, গত ১৫ আগস্ট রাহুল সংঘ নামে এক শার্প শুটারকে গ্রেফতার করেছে ফরিদাবাদ পুলিশের অপরাধ বিভাগ। সঙ্গে ধরা পড়ে আরও চার ব্যক্তি। রাহুলের কাছ থেকে উদ্ধার করা হয় গুলি ভরা পিস্তল। রাহুল ভিওয়ানির বাসিন্দা।

ফরিদাবাদের ডিসিপি (হেডকোয়ার্টার) রাজেশ দুগ্গল জানান, সম্প্রতি ফরিদাবাদের রেশন ডিলার প্রবীণকে খুনের অপরাধে গ্রেফতার করা হয় রাহুলকে। গ্রেপ্তারের পর জেরার সময় প্রকাশ্যে আসে সালমানকে খুনের পরিকল্পনা।

গ্যাংস্টার লরেন্স বিশন গত জানুয়ারি থেকে রাহুলকে বিশেষ নজর রাখতে বলেছিল সালমানের ওপর এবং সুযোগ বুঝে হত্যার নির্দেশ দিয়েছিল। আপাতত লরেন্স রয়েছে যোধপুরের জেলে। তবে জেলে থাকলেও সেখান থেকেই সালমান খানকে খুনের পরিকল্পনা করেন তিনি।

লরেন্সের সঙ্গে সালমানের পুরোনো শত্রুতার খবর শোনা যায়। সালমানের বিরুদ্ধে কৃষ্ণসার হরিণ শিকারের অভিযোগ ওঠার পর থেকেই লরেন্সের নজর রয়েছে তার ওপর।

সূত্র - বিডি -প্রতিদিন

বিগ বাজেটের ‘আদিপুরুষ’ নিয়ে আসছে প্রভাস

‘বাহুবলী’ খ্যাত তারকা অভিনেতা প্রভাস ভক্তদের জন্য এবার সুখবর নিয়ে হাজির হলেন। তার অভিনয় জীবনের ২২তম ছবির জন্যে হাত মিলিয়েছেন বলিউডের পরিচালক ওম রাউতের সঙ্গে। বড় বাজেটের এই ছবি তৈরি হবে একাধিক ভাষায়। ছবির নাম ‘আদিপুরুষ’। ‘বাহুবলী’র মতোই ঐতিহাসিক গল্পে বিগ বাজেটে নির্মিত হবে এই ছবি।

কোটি কোটি হৃদয়ের হার্টথ্রব অভিনেতা প্রভাস মঙ্গলবার আরও জানান, প্রায় ৪০০ কোটি টাকা বাজেটের এ ছবিটি হিন্দি, তামিল, তেলেগুসহ একাধিক ভাষায় তৈরি হবে। তিনি করোনাকালীন সময়কে ইঙ্গিত করে সোশাল মিডিয়ায় জানান, ‘খারাপের উপর ভালোর জয়ের উদযাপন!’

‘আদিপুরুষ’ সম্পর্কে প্রভাস গণমাধ্যমে বলেন, নতুন নতুন চ্যালেঞ্জ থাকে প্রতিটি চরিত্রে। কিন্তু এই ছবিতে যে চরিত্রে আমাকে দেখা যাবে, তাতে অভিনয়ের সুযোগ পাওয়ার সঙ্গে একদিকে যেমন জড়িয়ে থাকে বুক ভরা গর্ব তেমনই থাকে পাহাড় প্রমাণ দায়িত্ব। আমাদের পুরাণে বর্ণিত এই চরিত্রে অভিনয়ের সুযোগ পেয়ে আমি ভীষণই এক্সসাইটেড।

জানা যায়, ছবিটির প্রযোজনা করবেন ভূষণ কুমার এবং কৃষণ কুমার। আর প্রভাসের বিপরীতে নেগেটিভ চরিত্রে দেখা যাবে বলিউডের অন্য কোন তারকাকে। তবে ছবিটির চরিত্র বা গল্পের কাহিনি খোলাসা করেননি এই অভিনেতা।

পাওয়া যায়নি কে হবেন নায়িকা সেই আভাসও। তবে জানা গেছে এখানে রামায়ণের কিছু চরিত্র উঠে আসবে। আর রামের চরিত্রে দেখা যাবে অভিনেতা প্রভাসকে। শোনা যাচ্ছে, ছবিটিতে অভিনেত্রী হিসেবে আনুশকা শর্মা, দীপিকা পাড়ুকোন, কৃতি সুরেশ, কাজল আগরওয়ালদের মতো অভিনেত্রীদের কেউ থাকতে পারেন।

সূত্র - বিডি প্রতিদিন

জয়কে ফের ক্ষমা চাওয়ার সুযোগ দিলেন শেলী মান্না

আলোচিত টিভি উপস্থাপক শাহরিয়ার নাজিম জয়কে দ্বিতীয়বারের মতো ক্ষমা চাওয়ার সুযোগ দিয়েছেন প্রয়াত চিত্রনায়ক মান্নার স্ত্রী কেবিন ক্রু শেলী মান্না। বিষয়টি নিয়ে ইতোমধ্যে চলচ্চিত্রের তিন সমিতিকে অবগত করেছেন তিনি। শেলী মান্না বলেন, জয়ের সাথে আমার ব্যক্তিগত কোনো দ্বন্দ্ব নেই। তাকে হেয় করার মতো কোনো কারণও ছিল না। তবে তিনি তার অনুষ্ঠানের মাধ্যমে একটা সম্প্রদায়কে তুচ্ছ

করে কথা বলেছেন।

তিনি আরও বলেন, সেই অনুষ্ঠানে বিমানের কেবিন ক্রুদের যেভাবে অপমান করেছেন একজন কেবিন ক্রু হিসেবে আমার সম্মানহানি হয়েছে। একারণে আমি আবার তাকে বলব আপনি ক্ষমা চেয়ে বিষয়টি সমাধান করুন। অন্যথায় মানহানিকর বিষয়ের জন্য প্রথমবার নোটিশ পাঠাতে বাধ্য হব। আইনের পথে হাটতেও পিছুপা হব না।

জয়ের উদ্দেশ্যে শেলী মান্না আরও বলেন, ‘জীবনের গল্প’ নিয়ে সমাজে একটি ইতিবাচক ভূমিকা রাখতে পারতেন। কিন্তু তা না করে আপনি ছকবাঁধা সস্তা চেতনা ও জীবনবোধে উপস্থাপনায় নেই কোনও কৌশলগত দিক। সস্তা জনপ্রিয়তা পাবার আশায় এদেশের একশ্রেণীর নেতিবাচক ভিউওয়ারদের মানসিকভাবে উজ্জীবিত করে থাকেন। স্থুল মনমানসিকতার পরিচয় দিচ্ছেন আপনি।

বিষয়টি শাহরিয়ার নাজিম জয়ের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, আমি অন্যায় করিনি। অনুষ্ঠানে ব্যক্তির বিষয় প্রত্যেকে জানতে চায়। আমি শুধু সেই জায়গা থেকে বিষয়গুলো জানতে চেয়েছি। এ ছাড়া শেলী ভাবি আমার শ্রদ্ধেয় একজন মানুষ। তিনি যদি আমাকে ক্ষমা চাইতে বলেন তবে আমি চেয়ে নেব। তবে তিনি আমার অনুষ্ঠানে এসে অনুষ্ঠানেই ক্ষমা চাওয়ার কথা বললেই আমি তখন সকলের সামনে ক্ষমা চেয়ে নেব।

সূত্র- বিডি প্রতিদিন

এবার সিনেমা থেকে বাদ পড়লেন ‘বিতর্কিত’ রিয়া!

বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যু রহস্য এখনও উদ্ধার না হলেও রাতারাতি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে গিয়েছেন রিয়া চক্রবর্তী। যদিও সুশান্তের সঙ্গে সম্পর্কে যাওয়ার আগে অবধি মানুষ তেমনভাবে রিয়াকে চিনতেন না। মডেলিং করলেও এখন পর্যন্ত কোনও হিট সিনেমা তার নেই।

তবে সুশান্তের মৃত্যুর পর তার বিরুদ্ধে বেশ কিছু অভিযোগ উঠেছিল। কিন্তু সেসব কিছু আরও জোরদার হয়েছে জুলাই মাসে কেকে সিং-এর অভিযোগ দায়ের দায়েরের পর। আর তার জের ধরেই নতুন এক সিনেমা থেকে বাদ দেওয়া হলো রিয়াকে।

রিয়ার বিরুদ্ধে আত্মহত্যায় প্ররোচনা দেওয়া থেকে শুরু করে টাকা চুরি একাধিক অভিযোগ আনা হয়েছে। রিয়া ও তার পরিবারকে তলব করা হয়। বেশ কয়েকবার জেরার পর মন মত উত্তর না পাওয়ায় বাজেয়াপ্ত করা হয়েছে তাদের সমস্ত গ্যাজেটস। এছাড়াও সুপ্রিম কোর্টে গিয়েছে এই মামলা। সেখানেও হাজিরা দিচ্ছেন তিনি। এরই মধ্যে তদন্ত শুরু করেছে সিবিআই। ফলে নানা কারণেই সোশ্যাল মিডিয়ায় মানুষের কাছে এখন ভাইরাল রিয়া।

সুশান্তের মামলার এখনও নিষ্পত্তি না হওয়ায় কোর্টে প্রায়ই হাজিরা দিতে হবে রিয়াকে। তলব করবে ইডিও। এছাড়াও গোটা দেশ এখন রিয়ার বিরুদ্ধে। ফলে নানারকম আশঙ্কা থেকেই পরবর্তী ছবি থেকে রিয়াকে বাদ দিলেন পরিচালক লোম হর্ষ। এই চিত্রনাট্যকার পরিচালকের কথায়, রিয়ার সঙ্গে এই সিনেমা নিয়ে অনেকদিন আগেই তার কথা হয়েছিল। কিন্তু এখন পরিস্থিতি সম্পূর্ণ আলাদা।

লোম হর্ষ বলেন, রিয়া ভাবছেন তার বয়স মাত্র ২৮, ক্যারিয়ার সুরক্ষিত। কিন্তু রিয়ার বলিউড যাত্রার এখানেই ইতি। আমি বা প্রযোজক বোকা নই যে রিয়ার খেলা ধরতে পারব না। সবাই বুঝে গিয়েছে রিয়া কি জিনিস। আর ও যদি সত্যি সুশান্তকে ভালোবাসত তাহলে অন্তত একবার সত্যি কথাটা প্রকাশ্যে বলতে পারত।

বলিউড কেন, পুরো দেশই উত্তাল রিয়া চক্রবর্তীর বিরুদ্ধে। যতই তিনি নিজের মুখে বলুন না কেন সত্যিটা সামনে আসবেই বলে ধারণা সবার। এই মুহূর্তে রিয়াকে অভিনয়ের সুযোগ দিলে তাদের সিনেমায় আর্থিক ক্ষতিও হতে পারে।

সূত্র- বিডি-প্রতিদিন

জয়কে আল্টিমেটাম, ক্ষমা না চাইলে মামলা

টিভি অনুষ্ঠানে কেবিন ক্রুদের নিয়ে আপত্তিকর প্রশ্ন করায় আলোচিত উপস্থাপক শাহরিয়ার নাজিম জয়কে ক্ষমা চাওয়ার আহ্বান জানিয়েছেন প্রয়াত সুপারস্টার নায়ক মান্নার স্ত্রী বিমানের কেবিন ক্রু শেলী মান্না।

আগামী সাতদিনের মধ্যে জয় নিঃশর্ত ক্ষমা না চাইলে জয়ের বিরুদ্ধে মামলাও দায়ের করবেন বলে গণমাধ্যমকে জানিয়েছেন শেলী মান্না।

সম্প্রতি ‘জীবনের গল্প’ নামে একটি অনুষ্ঠানে বিমানের কেবিন ক্রুদের নিয়ে আপত্তিকর প্রশ্ন করায় জয়ের ওপর বিমানবালা শেলী মান্না ক্ষুব্ধ হন। তিনি বলেন, একটি টিভি চ্যানেলের লাইভ অনুষ্ঠানে অতিথি হয়ে এসেছিলেন বিমানের সাবেক ক্যাপ্টেন মোশতাক।

সেই অনুষ্ঠানে উপস্থাপক ছিলেন জয়। অ্যাভিয়েশন নিয়ে অনেক প্রশ্ন করেছেন। তাকে স্বাভাবিক নিয়মেই প্রশ্ন করেছেন। কিন্তু অপ্রাসঙ্গিকভাবে বিমানের কেবিন ক্রুদের সঙ্গে ক্যাপ্টেনদের প্রণয়ঘটিত ব্যাপার থেকে শুরু করে বিদেশ থেকে জিনিসপত্র দেশে এনে বিক্রি করার মতো বেশকিছু সম্মানহানীকর প্রশ্ন করেছেন জয়। যা একজন বিমানের কেবিন ক্রু হিসেবে আমার সম্মানহানি হয়েছে।

তিনি আরও বলেন, মানুষের কথায়, প্রশ্নে, যুক্তিতে, আচার-ব্যবহারে এবং চিন্তা-ভাবনায় একটি শালীনতা ও সীমারেখা থাকা উচিত। কোনো অবস্থাতেই সীমা লঙ্ঘনকারীকে প্রশ্রয় দেয়া উচিত নয়।

সূত্র- বিডি প্রতিদিন

দ্বিতীয় বিয়েতেই বাবার সঙ্গে

সম্পর্ক নষ্ট হয় সুশান্তের !

৫৫ দিন অতিক্রান্ত হয়েছে, কিন্তু থামছে না বিতর্ক। প্রতিদিনই উঠে আসছে এমন কিছু তথ্য, যার ফলে রহস্য বাড়ছে বলিডউ তারকা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্তে। এবার সেই বির্তকে খানিকটা ঘি ঢাললেন শিবসেনার মুখপাত্র সঞ্জয় রাউত। তিনি দাবি করছেন, দ্বিতীয় বিয়েতেই বাবার সঙ্গে সম্পর্ক নষ্ট হয়েছে সুশান্তের। খবর এই সময়ের।

সঞ্জয় রাউত বলেন, সুশান্ত এবং কে কে সিং (সুশান্তের বাবা) -এর মধ্যে সম্পর্ক একদমই ভালো ছিল না। মায়ের মৃত্যুর পর বাবার পুনরায় বিবাহ মেনে নিতে পারেননি তিনি। যে কারণে বাবা -ছেলের আবেগটা তাদের সম্পর্কের মধ্যে ছিল না। সুশান্তও পটনার বাড়িতে খুব কম যেতেন।

প্রতিবেদনে বলা হয়েছে, ছেলের মৃত্যুর একমাস পর বিহার পুলিশের কাছে সুশান্তের প্রেমিকা রিয়া চক্রবর্তী ও তার পরিবারের পাঁচ সদস্যের বিরুদ্ধে এফআইআর দায়ের করেন কেকে সিং। তার ছেলেকে আত্মহত্যার প্ররোচনা দিয়েছেন রিয়া এবং সুশান্তের ব্যাংক অ্যাকাউন্ট থেকে কয়েক কোটি টাকা উধাও - এমন অভিযোগ দায়ের করেছেন তিনি।

কিন্তু তদন্তে মুম্বাই পুলিশের বিরুদ্ধেও উঠেছে অসহযোগিতার অভিযোগ। বিহারের মুখ্যমন্ত্রী ও রাজ্যপালের অনুরোধে সুশান্তের মৃত্যুর তদন্তের দায়িত্ব যায় সিবিআই -এর হাতে। তবে সুশান্তের ডায়েরির ছেঁড়া পাতা থেকে শুরু করে প্রেমিকা রিয়ার কল হিস্ট্রি - এমন সব অভিযোগ উঠছে, তথ্য সামনে আসছে, যা দেখে হতবাক অনেকেই।

সূত্র - বিডি প্রতিদিন

ক্যাটরিনার বাড়িতে ভিকি কৌশল, আরও বাড়ল প্রেমের গুঞ্জন

বহুদিন ধরেই বলিউড টাউনে গুঞ্জন অভিনেত্রী ক্যাটরিনা কাইফ ও ভিকি কৌশলকে নিয়ে। বলিউডে কান পাতলেই শোনা যায় চুপি চুপি নাকি প্রেম করছেন ক্যাটরিনা আর ভিকি। আর সেই গুঞ্জন এবার যেন আরও স্পষ্ট হয়ে উঠল। কারণ পাপারাজ্জিদের ক্যামেরায় ধরা পড়লেন ভিকি কৌশল, তাও আবার বলিউড ডিভা ক্যাটরিনা কাইফের বাড়ির সামনে।

পাপারাজ্জিদের ক্যামেরায় যে ছবি ধরা পড়েছে তাতে দেখা যাচ্ছে, ক্যাটরিনার বাড়ির সামনে গাড়ি থেকে নামছেন ভিকি কৌশল। তার পরনে একটা টি-শার্ট আর প্যান্ট। করোনা আবহের জন্য মাস্কে ঢাকা মুখ। এই ছবি প্রকাশ্যে আসতেই ক্যাটরিনা ও ভিকির ভক্তদের মধ্যে উত্তেজনা তৈরি হয়। নানা রকমের কমেন্টে বলিউডের এই দুই তারকাকে ভরিয়ে দেন তারা।

ক্যাটরিনা ও ভিকির গুঞ্জন প্রকাশ্যে আসতেই অনেকে জানিয়েছিলেন এই জুটি তাদের ভীষণ পছন্দ। আর তাই এক ভক্ত লিখছেন, আমাদের দিনটা আজ সার্থক! এটা সত্যি ভালোবাসা। অবশেষে বলিউডের সবচেয়ে সুন্দর জুটিকে দেখা গেল। এমনই নানা রকম কমেন্টে ক্যাটরিনা ও ভিকি কৌশলকে ভরিয়ে দেন তাদের ভক্তরা। কেউ আবার তাদের একসঙ্গে ডাকছেন ‘ভিকট্রিনা’ বা ‘ভিকক্যাট’। ঠিক যেমন বলিউডে দীপিকা ও রণবীর কে ‘দীপবীর’ এবং বিরাট ও আনুশকাকে ‘বিরুষ্কা’ বলে ডাকা হয়।

বেশ কিছুদিন ধরেই ক্যাটরিনা এর ভিকিকে নিয়ে বলিউডে নানা রকম গুঞ্জন শোনা যায়। বিশেষত গতবছর দীপাবলীর একটি পার্টিতে দু’জনকে একসঙ্গে দেখে অনেকেরই এই ধারণা আরও মজবুত হয়। এছাড়াও করণ জোহরের কফি উইথ করণে ক্যাটরিনা ও ভিকি দু’জনেই প্রকাশ করেছিলেন যে অভিনেতা হিসেবে তারা পরস্পরকে পছন্দ করেন। আর তারপর থেকেই তাদের ভক্তরা বারবার জানিয়েছেন, তারা চান এই গুঞ্জন যেন সত্যি হয়। ক্যামেরার সামনে যতবার দু’জনে এসেছেন নজর কেড়েছে তাদের রসায়ন। তাই এই গুঞ্জন যদি সত্যি হয় বলিউডের আরও এক হিট তারকা জুটির মধ্যে যে ক্যাটরিনা ও ভিকি কৌশলের নাম জুড়বে তা বলাই বাহুল্য।

কিছুদিন আগে ভিকিকে জিজ্ঞাসা করা হয় এই গুঞ্জনের ব্যাপারে। তখন তিনি বলেছিলেন, আমি বুঝতে পারছি পাপারাজ্জিরা তাদের কাজ খুব ভালো করে করছেন। এটাও বুঝতে পারছি যে মানুষের আমাদের ব্যক্তিগত জীবন নিয়ে খুবই আগ্রহ রয়েছে কারণ আমরা পাবলিক ফিগার। সে ভালো কথা। কিন্তু আমি বিষয়টা শেয়ার করব কিনা তা সম্পূর্ণ আমার উপরে। আলোচনা করার জন্য আমি আমার নিজের ব্যক্তিগত জীবন সম্পর্কে প্রকাশ্যে বলতে স্বাচ্ছন্দ্যবোধ করি না। আমার জন্য যেটা গুরুত্বপূর্ণ বা ভালো সেটা আমি আড়ালে রাখি।

প্রসঙ্গত এই মুহূর্তে ভিকি কৌশল স্যাম মানেকশ’র বায়োপিক নিয়ে ব্যস্ত। এই ছবির পরিচালনা করেছেন মেঘনা গুলজার। ছবিতে ভিকির সঙ্গে রয়েছেন মনোজ বাজপাইও। উল্লেখ্য, ভিকির যে ছবিগুলিতে সবথেকে বেশি নজর কেড়েছেন তার মধ্যে রয়েছে মাসান, উরি, সঞ্জু, এবং রাজি। অন্যদিকে, ক্যাটরিনা কাইফ এই মুহূর্তে তার পরবর্তী ছবি ‘ফোনভূত’ নিয়ে ব্যস্ত। এই ছবিতে তার সঙ্গে অভিনয় করেছেন ঈশান খট্টর এবং সিদ্ধান্ত চতুর্বেদী।

সূত্র- বিডি-প্রতিদিন

করোনার উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি সঞ্জয় দত্ত

বলিউড অভিনেতা সঞ্জয় দত্ত করোনার উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। বুকে অস্বস্তি বোধ করায় শনিবার সন্ধ্যায় মুম্বাইয়ের লীলাবতী হাসপাতালে তাকে ভর্তি করা হয়েছে। ডাক্তাররা জানিয়েছেন, তাকে আইসিইউতে রাখা রয়েছে। তার অবস্থা স্থিতিশীল।

গত সপ্তাহে ২৯ জুলাই নিজের জন্মদিন কাটিয়েছেন ৬১ বছরের ‘সঞ্জু বাবা’। তার শরীরে অক্সিজেনের মাত্রা কমে গিয়েছিল। সে কারণে বুকে অস্বস্তি বোধ করেন তিনি। তবে সঞ্জয় দত্তের করোনা পরীক্ষার ফল নেগেটিভ আসে। তার করোনা পজিটিভ হওয়ার সম্ভাবনা রয়েছে।

সে কারণে আরটি-পিসিআর পরীক্ষার জন্য আবার তার নমুনা সংগ্রহ করা

হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, তাকে নন-কোভিড ওয়ার্ডে রাখা হয়েছে। সঞ্জয়ের চিকিৎসক জলিল পারকার জানিয়েছেন, কেনো এ অভিনেতার শরীরে অক্সিজেনের মাত্রা ওঠানামা করছে, তা জানতে বেশ কিছু পরীক্ষা করা হবে।

এদিকে, শনিবার রাতে সঞ্জয় দত্ত টুইট করে শারীরিক অবস্থার কথা জানিয়েছেন। লিখেছেন, ‘সকলকে আশ্বস্ত করতে চাই যে, এখন আমি ভালো আছি। চিকিৎসকদের পর্যবেক্ষণে আছি। আমার কোভিড টেস্ট নেগেটিভ এসেছে। লীলাবতী হাসপাতালের চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের সেবা শুশ্রুষায় আশা করছি দু-একদিনের মধ্যে সুস্থ হয়ে বাড়ি যেতে পারব। আপনাদের শুভেচ্ছা ও প্রার্থনার জন্য ধন্যবাদ।’

সূত্র - বিডি প্রতিদিন